NOV. 1 5 2000

তারিখ ..................
পৃষ্ঠা ...৩ কলাম ...৪....

# বেসরকারি স্কুল নিয়ন্ত্রণে আইন সংসদে বিল আসছে

মাহমুদ-আল-ফয়সাল

ইংরেজি স্কুলসহ অননুমোদিত বেসরকারি প্রাথমিক ও মাধ্যমিক স্কুলগুলোকে সরকারি নিয়ন্ত্রণে আনা হচ্ছে। এ উদ্দেশ্যে সরকার বর্তমান 'রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিন্যান্স-১৯৬২' সংশোধন করে জাতীয় সংসদে একটি বিল আনছে। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

প্রস্তাবিত সংশোধনীতে শহরে গজিয়ে ওঠা ইংরেজি স্কুল, শহর ও গ্রামের বেসরকারি প্রাথমিক ও মাধ্যমিক স্কুলগুলোকে রেজিস্ট্রেশন করতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগে রেজিস্ট্রেশনের পর এসব স্কুল শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্ত হবে। এরপর সরকার নির্ধারিত কারিকুলাম অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে পাঠদান করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, ইংরেজি স্কুলসহ অননুমোদিত স্কুলগুলোর ওপর সরকারের তেমন কোন নিয়ন্ত্রণ ছিল না। ফলে প্রতিটি স্কুল বিশেষ করে ইংরেজি মাধ্যমের স্কুলগুলো নিজেদের ইচ্ছামতো শিক্ষার্থীদের পাঠদান করে আসছিল। এমনকি তারা দেশের জন্য মানসম্মত নয়, এমন কারিকুলামও অনুসরণ করছিল। এসব স্কুলকে নিয়ন্ত্রণ এবং সবাইকে নির্দিষ্ট কারিকুলামের আওতায় আনার উদ্দেশ্যেই আইনটি সংশোধন করা হচ্ছে।

প্রস্তাবিত 'রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট-২০০০'-এ বেসরকারি প্রাথমিক ও মাধ্যমিক স্কুল ছাড়াও ইংরেজি স্কুল- 'ও' লেভেল, 'এ' লেভেল এবং ইন্টারন্যাশনাল ব্যাসেলারেটকে নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট ধারার সংজ্ঞায় সংশোধনী এনে এসব স্কুলকে অন্তর্ভুক্ত করা হচ্ছে। এছাড়াও চাইল্ড কেয়ার, ডে কেয়ার, মাদার কেয়ারসহ শিশুদের পরিচর্যা ও শিক্ষার প্রাথমিক ধারণাদানকারী প্রতিষ্ঠানগুলোও নিয়ন্ত্রণের জন্য রেজিস্ট্রেশনের আওতায় আনা হচ্ছে।

সূত্র জানায়, বিদ্যমান আইনের ৪(২) ধারায় কোন স্কুলের রেজিস্ট্রেশনের জন্য আবেদনের পর নিবন্ধনকারী কর্তৃপক্ষের সন্তোষ বিবেচনার্থে যেরূপ তদন্ত প্রয়োজন, সেরূপ তদন্তের কথা বলা থাকলেও এ ক্ষেত্রে কোন সময়সীমার উল্লেখ নেই। ফলে অনেক আবেদন মাসের পর মাস পড়ে থাকারও

বিল : পৃষ্ঠা : ৬ কলাম : ৩